দৈনিক ইত্তেফাক

১৯৬

তারিখ 24 FEB 1987
পৃষ্ঠা ... ৮ কলাম ... ১ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# উপজেলা পরিক্রমা

## মুক্তাগাছা

মুক্তাগাছা (ময়মনসিংহ), ২৩ ফেব্রুয়ারী (সংবাদদাতা)।— মুক্তাগাছা ঐতিহ্যবাহী ১২১ বর্গমাইলের উপজেলাটি ময়মনসিংহ শহর থেকে দশ মাইল পশ্চিমে অবস্থিত। মোট লোক সংখ্যা ২ লাখ ৫৬ হাজার ৯শ' ৬ জন। পুরুষ ১ লাখ ৩০ হাজার ৩শ' ৪৭ জন, মহিলা ১ লাখ ২৬ হাজার ৫শ' ৫৯ জন। তার মধ্যে মুসলিম ২ লাখ ৩৪ হাজার ৯শ' ৯ জন, হিন্দু ১ হাজার ৬শ' ৬২ জন, বৌদ্ধ ১১ জন, খৃষ্টান ৬শ' ৪৭ জন ও অন্যান্য জাতি ২শ' ৭৭ জন।

এ উপজেলায় ১০টি ইউনিয়নে মোট ২শ' ৭৩টি গ্রাম রয়েছে।

### কৃষি

এ উপজেলাটিতে ২শ' ৬২টি মৌজায় মোট আবাদী জমির পরিমাণ ৫৯ হাজার ২শ' ৯০ একর। একফসলী ৩ হাজার ১শ' ৫০ একর। দু'ফসলী ৪২ হাজার ৯শ' ৫০ একর। তিন ফসলী ১৩ হাজার ১শ' ৯০ একর। বনভূমি ১ হাজার ২শ' একর। বাস্তুভিটা ১৬ হাজার ৮শ' ৫০ একর। অন্যান্য ১শ' একর। উঁচু জমি রয়েছে ১৩ হাজার ৭শ' ৫০ একর। মাঝারী ৩৫ হাজার ৪শ' ৪০ একর। নীচু ১০ হাজার ১শ' একর। এ উপজেলায় বার্ষিক উৎপাদন ৭৪ হাজার ৯শ' ৪৬ টন।

### শিক্ষা

সরকারী ডিগ্রী কলেজ ১টি, উচ্চ বিদ্যালয় বালক ১৭টি, বালিকা ৩টি। প্রাথমিক বিদ্যালয় সরকারী ৯৯টি, বেসরকারী ৮টি। কামিল মাদ্রাসা ১টি, সিনিয়র মাদ্রাসা ৪টি। জুনিয়র মাদ্রাসা ৬টি, নিম্নমাধ্যমিক মাদ্রাসা ৫টি। শিক্ষার্থীদের তুলনায় শিক্ষা প্রতিষ্ঠান কম এবং শিক্ষার পরিবেশ মন্দা। সব ক'টা প্রাথমিক বিদ্যালায়ের অবস্থা শোচনীয়।

এছাড়া বিভাগীয় আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, বিভাগীয় আর্মড পুলিশ ব্যাটালিয়ানসহ ১টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, ১টি দর্জিবিজ্ঞান কলেজ ও ১টি কমার্শিয়াল কলেজ আছে।

### চিকিৎসা

এ উপজেলায় ৩১ শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল আছে। প্রয়োজনীয় যন্ত্রপাতি ওষুধপত্রের অভাবে চিকিৎসার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা সম্ভব হচ্ছে না। হাসপাতালটি নির্মাণের পর থেকে আজ পর্যন্ত কোন প্রকার সংস্কার করা হয়নি। ফলে ছাদ দিয়ে পানি পড়ে, দেয়ালগুলোর দিকে চোখ রাখা হয় না।